# উপজেলা পরিষদ কার্যালয়
মনপুরা, ভোলা ।

“শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি”

| | | |
|---|---|---|
| সভার নাম | ঃ | এপ্রিল/২০২২ খ্রি. মাসের মাসিক সভা। |
| সভার তারিখ | ঃ | ২০/০৪/২০২২ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| সভার সভাপতি | ঃ | জনাবা শেলিনা আকতার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা। |

**উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট ‘ক’**
**অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট ‘খ’**

সভার শুরুতে উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয় । অত:পর উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। উপস্থিত সকল কর্মকর্তাকে সভায় আলোচিত বিষয়ের উপর নোট নিতে অনুরোধ করা হয়; যাতে পরবর্তী সভার পূর্বেই সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পারেন। অত:পর পর্যায়ক্রমে বিভিন্ন বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরুপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | বিভাগ/দপ্তরওয়ারী আলোচনা/তথ্য | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম পর্যালোচনা ঃ**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় জানান যে, মনপুরা উপজেলায় ইতোমধ্যে ৭৫% জনগনকে কোভিড-১৯ টিকার ১ম ডোজ প্রদান করা হয়েছে। কোভিড-১৯ টিকা প্রদানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মনপুরা, ভোলা, অত্র জেলার মধ্যে সর্বোচ্চ পর্যায়ে রয়েছে। তিনি আরো জানান যে, আগামী ২৮ মার্চ কোভিড-১৯ গন টিকার ২য় ডোজ প্রদান করা হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। | ভোলা জেলায় কোভিড-১৯ টিকা প্রদানে সর্বোচ্চ স্থানে থাকায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে উপজেলা পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, |
| ০২ | **কৃষি বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা কৃষি অফিসার, মনপুরা, সভায় জানান যে, বিএডিসি এর মাধ্যমে মনপুরা উপজেলার হাজীরহাট ইউনিয়নের দাসেরহাট এলাকায় ২কিঃমিঃ খাল খননের কাজ চলমান রয়েছে। এছাড়া অচিরেই মনপুরা উপজেলায় আরো ৮কিঃ মিঃ খাল খননের পরিকল্পনা রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। তিনি সভায় আরো জানান যে, তার বদলী আদেশ হওয়ায় তিনি অচিরেই মনপুরা ত্যাগ করবেন। আজাকের সভা মনপুরা উপজেলায় হয়তোবা তার শেষ সভা। চলার পথে কোন ভুল ত্রুটি হয়ে থাকলে তিনি সকলকে ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে খাল খননের কাজ সুন্দর ও সুষ্ঠভাবে করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মনপুরা, ভোলা। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা মৎস্য কর্মকর্তা মনপুরা, ভোলা, সভায় জানান যে, ইলশি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প হতে জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ১৫টি AIG বরাদ্দ ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প হতে ০৩টি মাছচাষ প্রদর্শণীর বরাদ্দ পাওয়া গেছে যার কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। জেলেদের ভিজিএফ চাউল সকল ইউনিয়নে সফলভাবে শেষ হয়েছে। দাপ্তরিক অন্যান্যকাজ ভালোভাবে জলছে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মনপুরা, ভোলাকে সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মনপুরা, ভোলা, |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভলোভাবে চলছে আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৫ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মান প্রকল্পের ১০টি গৃহের ১০টিরই ছাদ ঢালাই, প্লাস্টার, গ্রীল এর কাজ শেষ হয়েছে। মুজিব শতবর্ষের গৃহহীন এর ২১০টি গৃহের নির্মান কাজ চলমান রয়েছে। টিআর সাধারন ২য় পর্যায়ের প্রকল্প অনুমোদেনর জন্য জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের বরাবরে প্রেরণ করা হয়েছে। ০৩টি মুজিব কিল্লার কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৬ | **উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা সমাজেসেবা কর্মকর্তা, মনপুরা ভোলা এর পক্ষে জনাব মোঃ শাহে আলম জানান যে সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৭ | **উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা |
| ০৮ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৯ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা যুব কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |

২০/০৪/২০২২

<table>
<tr>
<td>১০</td>
<td>উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রম আলোচনা ঃ<br>উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় আনসার ক্যাম্প নির্মানের জন্য ১৫,০০০০০/- পনের লক্ষ টাকার বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে আনসার ক্যাম্পের মূল কাজ শেষ হলেও আনুষাঙ্গিক অনেক কাজ বাদ থাকায় উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে আলাপ করে উক্ত টাকায় আনসার ক্যাম্পের অসমাপ্ত কাজ সম্পন্ন করে বাকী টাকায় অন্যান্য উন্নয়ন প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে নিম্নোক্ত প্রকল্পসমূহ পাওয়া গেছে। যা যাছাই-বাছাই কমিটির সুপারিশহ উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন পাওয়া আবশ্যক।
<table>
<tr><th>নং</th><th>স্কীমের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অসমাপ্ত বাউন্ডারী ওয়াল নির্মান</td><td>৬২৫০০০</td><td></td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা সড়ক হতে আনসার ক্যাম্প পর্যন্ত রাস্তা সিসি করন ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে সেন্টিপোস্ট নির্মান</td><td>৮৭৫০০০</td><td></td></tr>
</table>
</td>
<td>সভায় এ বিষয়ে বিস্তারিত আলেচনা করা হয়। আলোচনান্তে সুপারিশকৃত তালিকা সমূহ মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দ্রুত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সভায় অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা।</td>
</tr>
<tr>
<td>১১</td>
<td>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম আলেচনা ঃ<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল, কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। সভাপতি জানান যে উক্ত কর্মকর্তা দীর্ঘদিন যাবৎ মাসিক সভায় অনিয়মিত রয়েছেন। তিনি এ বিষয়ে দাপ্তরিক নথিপত্র যাছাই করে উক্ত কর্মকর্তার বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের প্রয়োজনীয়তার বিষয়ে উল্লেখ করেন।</td>
<td>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উল্লিখিত কর্মকর্তাকে কারন দর্শানোর নোটিশসহ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা।</td>
</tr>
<tr>
<td>১২</td>
<td>উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম আলোচনা ঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা এর স্থলে নব যোগদানকৃত পরিদর্শন সভায় জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম ভালোভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই।</td>
<td>সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা।</td>
</tr>
<tr>
<td>১৩</td>
<td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২২ মাসের সভায় ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নে হেল্প অর্গানাইজেশন কর্তৃক নির্মিত পুরাতন সাইক্লোন সেল্টারটি নিলামের সমুদয় টাকা মনপুরা ইউসিসি এর হিসাবে জমা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলেও অদ্যাবিধ তা ইউসিসি এর হিসাবে জমা প্রদান হয়নি। তিনি এ বিষয়ে সভাপতি মহোদয়ের সুদৃষ্টি কামনা করেন। তিনি আরো জানান যে, তার দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে আপাতত কোন সমস্যা নাই।</td>
<td>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে পর্যাপ্ত টাকা না থাকায় উক্ত টাকা পরিশোধ করা সম্ভব হয়নি। রাজস্ব তহবিলে টাকা জমা হলেই দ্রুত উক্ত টাকা ফেরত প্রদান করা হবে।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা।</td>
</tr>
</table>

২০/০৪/২০২২

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **<u>উপজেলা বন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৫ | **<u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মনপুরা, সভায় জানান যে, শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মেনে শিক্ষা কার্যক্রম চলান রয়েছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৬ | **<u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা **সভায় জানান যে,** সরকারি নির্দেশনা মেনে কার্যক্রম চলান রয়েছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা পরিকল্পনা কর্মকর্তা। |
| ১৭ | **<u>উপজেলা দারিদ্র বিমোচন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মনপুরা, ভোলা **সভায় জানান যে,** সরকারি নির্দেশনা মেনে কার্যক্রম চলান রয়েছে। আপাতত: কোন সমস্যা নাই। | সভাপতি নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখার অনুরোধ করেন। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৮ | **<u>আমার বাড়ি আমার খামার বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মনপুরা, ভোলা। |
| ১৯ | বিবিধ আলোচনাঃ<br>উপজেলা পরিষদের আয় বৃদ্ধির স্বার্থে উপজেলা পরিষদের খালি জায়গাসমূহ আগ্রহী ব্যক্তিদের ভিটি হিসেবে ভাড়ায় ইজারা প্রদান ঃ<br>উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা সভায় জানান যে, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অবস্থা খুবই নাজুক হয়ে পড়েছে। বর্তমানে যে পরিমান রাজস্ব আয় আসে তা দিয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানসহ দৈনিক মুজুরী ভিত্তিতে নিয়োজিত কর্মচারীদের সম্মানী ও মুজুরীসহ পরিষদের অন্যান্য ব্যয় মেটানো সম্ভব হচ্ছেনা। ইতোমধ্যে উপজেলা পরিষদের মালিকানাধীন হাজীহাট বাজারে অবস্থিত ৩৬টি ভিটি বিভিন্ন লোকের আবেদনের প্রেক্ষিতে ইজারা প্রদান করা হয়েছে। এর ফলে উপজেলা পরিষদের আয় কিছুটা বৃদ্ধি পেলেও তা চাহিদার তুলনায় অনেক কম। এছাড়াও উপজেলা চেয়ারম্যান জীপ গাড়ীর তৈলের ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে মেটানোর নির্দেশনা থাকায় বর্তমানে উপজেলা পরিষদের আর্থিক খাত খুবই নাজুক অবস্থায় রয়েছে। তিনি উপজেলা পরিষদের রাজস্ব বৃদ্ধির বিষয়ে সকল সদস্যস্যের মতামত জানতে চান। অত:পর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, | ০১) বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জায়গায় ভিটি ভাড়া বরাদ্দ চেয়ে ইতোমধ্যে প্রাপ্ত ০৪ জন আবেদকারীদের অনূকূলে উপজেলা পরিষদ সংলগ্ন রাস্তার উত্তর পার্শ্বের হেলালের দোকানের পর হতে ১৫ ফুট করে ০৫ টি ভিটি মাসিক ৫০০/- (পাঁচশত) টাকায় ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২) উপজেলা পরিষদের বাকী খালি যায়গায় ভিটি বরাদ্দ | উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা।<br>সংশ্লিস্ট কমিটি |

২০/০৪/২০২২

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা পরিষদের আশে পাশে অনেক খালি জায়গা রয়েছে যা বাজারের মত ভিটি হিসেবে ইজারা প্রদান করা গলে উপজেলা পরিষদের রাজস্ব আয় কিছুটা হলেও বারবে। তিনি এ বিষয়ে সভাপতিকে জানান যে, বিভিন্ন সময়ে উপজেলা পরিষদের খালি জায়গায় ভিটি বরাদ্দ চেয়ে বিভিন্ন আবেদন পরিলক্ষিত হয়। উক্ত আবেদন সমূহ যাছাই-বাছাই করে ভিটি বরাদ্দ প্রদান করার বিষয়ে তিনি সভায় মতামত দেন। সভায় তার মতামতের উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ইতোমধ্যে উপজেলা পরিষদের জায়গায় ভিটি ভাড়া বরাদ্দ চেয়ে আবেদন সমূহ যাছাই-বাছাই করা করার সিদ্ধান্ত হয়। যাছাই-বাছাইঅন্তে দেখা যায় যে, ইতোমধ্যে ভিটি বরাদ্দ চেয়ে বিভিন্ন সময়ে মোট ০৫ জন আগ্রহী আবেদন করেছেন। যারা হলেন ০১) মোঃ গিয়াস উদ্দিন, পিং- মোঃ সিরাজুল ইসলাম, সাং-চরযতিন, হাজীরহাট, মনপুরা, ভোলা। ০২) মোঃ ফারুক, পিং- মোঃ আবু সুফিয়ান, সাং- চরযতিন, হাজীরহাট, মনপুরা, ভোলা। ০৩) বিলকিছ বেগম, স্বামী- আবদুল লতিফ ভূঁইয়া, সাং- চরযতিন, হাজীরহাট, মনপুরা, ভোলা। ০৪) মোঃ এরফান উল্যাহ চৌধুরী, পিং- মোঃ জাফর উল্যাহ চৌধুরী, সাং- আন্দিরপাড়, মনপুরা, ভোলা। ০৫) মোঃ ছিদ্দিকুর রহমান, পিং- আলহাজ্ব নুর হাফেজ, উত্তর সাকুচিয়া, মনপুরা, ভোলা। সভায় উক্ত বিষয়ে বিস্তারিত আলেচনা হয়। | প্রদানের জন্য একটি কমিটি গঠন করা হয়। যা নিম্নরুপ ঃ<br>০১) উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোল। আহবায়ক।<br>০৩) উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা- সদস্য<br>০৩) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা-সদস্য।<br>০৪) ভাইস চেয়ারম্যাদ্বয়- সদস্য<br>০৫) চেয়ারম্যান- সকল ইউনিয়ন পরিষদ, মনপুরা-সদস্য।<br>উক্ত কমিটি খালি ভিটি চিহ্নিত করন সাপেক্ষ খালি ভিটির বিপরীতে আবেদনের প্রেক্ষিতে ভিটি বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। | |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

(শেলিনা আকতার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মনপুরা, ভোলা।
✆ ০১৭১৫-২৪৬৭৮৯

স্মারক নং- ৪৬.১০.০৯৬৫.০০০.০৪.০১৯.২২-                                        তারিখঃ ২০/০৪/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, ১১৮, ভোলা - ৪ (চরফ্যাশন-মনপুরা)।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪. জেলা প্রশাসক, ভোলা।
০৫. জনাব ---------------------------------------- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা,ভোলা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০৬. উপজেলা ............................................ কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০৭. চেয়ারম্যান, .......................................... ইউপি, মনপুরা, ভোলা।
০৮. জনাব ..................................................

(মোঃ শামীম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
মনপুরা, ভোলা।
☎ ০৪৯২৬-৫৬০০১

২০/০৪/২০২২

## উপস্থিত সদস্য বৃন্দ পরিশিষ্ট ‘ক’

০১. শেলিনা আকতার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা।
০২. মোঃ শামীম মিঞা, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), মনপুরা, ভোলা।
০৩. জনাব মোহাম্মদ আবদুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান, মনপুরা, ভোলা।
০৪. জনাব পারভিন আক্তার (রেবু), উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, মনপুরা, ভোলা।
০৫. জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়ন, মনপুরা, ভোলা।
০৬. জনাব মোঃ অলিউল্যাহ কাজল, চেয়ারম্যান, ৪নং দক্ষিণ সাকুচিয়া, মনপুরা, ভোলা।
০৭. জনাব মোঃ নিজামউদ্দিন হাওলাদার, চেয়ারম্যান, ২নং হাজীরহাট ইউনিয়ন পরিষদ।
০৮. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০৯. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১০. উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১১. উপজেলা কৃষি কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১২. উপজেলা মৎস্য কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৪. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মনপুরা, ভোলা।
১৫. উপজেলা সমাজসেবা অফিসার, মনপুরা, ভোলা।
১৬. উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৭. উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনপুরা, ভোলা।
১৯. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
২০. সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প।
২১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা।
২২. উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, মনপুরা, ভোলা।
২৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা।

## অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট ‘খ’

০১. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০৩. চেয়ারম্যান, ১নং মনপুরা ইউপি, মনপুরা, ভোলা।
০৪. জনাবা ফরিদা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা।